দৈনিক ইত্তেফাক

তারিখ 25 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ৪

34

# দেশে শিক্ষার পরিবেশ বিঘ্নিত হইতেছে

—শেখ হাসিনা

আওয়ামী লীগ সভানেত্রী ও বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা বলিয়াছেন, ক্ষমতাসীনদের পৃষ্ঠপোষকতায় দেশ জুড়িয়া সীমাহীন সন্ত্রাস চলিতেছে। শিক্ষাঙ্গনে শিক্ষার পরিবেশ মারাত্মকভাবে বিঘ্নিত হইতেছে।

গতকাল শনিবার ২৯ মিন্টো রোডে নিউ মডেল ডিগ্রী কলেজ

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## শেখ হাসিনা

(প্রথম পৃঃ পর)

ছাত্র সংসদের কর্মকর্তা ও ছাত্রলীগ নেতা-কর্মীদের সহিত সাক্ষাৎকালে শেখ হাসিনা বলেন, স্বৈরাচার বিরোধী গণতান্ত্রিক আন্দোলন সফল হওয়ার পর বর্তমান ক্ষমতাসীন দল ছাত্র-জনতার প্রত্যাশা পূরণে ব্যর্থ হইয়াছে। ছাত্র-জনতার উপরে সীমাহীন হয়রানি, নির্যাতন চলিতেছে। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রশাসনিক কাঠামো ও উচ্চ পদগুলিতে অযাচিত দলীয়করণের ফলে সৃষ্টি হইয়াছে অরাজকতা।

মডেল কলেজ ছাত্র সংসদের ভিপি জাহিদুল ইসলাম পুলক, সাধারণ সম্পাদক মাসুদ আদনান সিদ্দিকী প্রমুখ কলেজের বিরাজমান সমস্যা মিথ্যা মামলা, পুলিশী নির্যাতনের কথা শেখ হাসিনাকে জানান।